

- ২। পীযুষ পুরিত মধুময় বাণী,
হাসি হাসি কহিত গুণমণি;
দুঃখহরণ রতন মণি,

অযতনে গেল সরিয়া ।

- ৩। মরম-দরদী আর কোথা পা'ব
দুঃখ পেয়ে ব্যথা করে বা জানা'ব,
পরাণ খুলিয়া করে সব ক'ব
কে বুঝিবে মুখ দেখিয়া ।

- ৪। ও হো রে দারুণ বিধি,
করিলি রে তুই একি অবিধি,
কেড়ে নিলি হারে বিধাতার বিধি,
মোদেরে অকূলে ফেলিয়া ।

- ৫। বলে গোপাল, বিপিন, যাদব, নকুল,
গুরুচাঁদ রয় প্রমথচাঁদে স্থল;
মহানন্দ শিমুলের ফুল,
দেখে না কিছু যে চাহিয়া ॥

—মহানন্দ হালদার



৪৮ নং

তাল—একতালা

- কোথায় রে কান্দালের হরি কোথায় রে;
তোমায় ডাকলে কি পাব রে গুরুচাঁদ ডাকলে কি' পাব রে ।
- ১। আমি অধম এই ভবে, আমা হ'তে জানা যাবে,
নামের মহিমে ।
হরি তোমার আসরে, হও হে উদয়, এসে হৃদয় মন্দিরে ॥